DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:44 PM

আন্তর্জাতিক

প্রতিদিন ১ কোটি ব্যারেলের বেশি তেল যাচ্ছে হরমুজ প্রণালি দিয়ে: হোয়াইট হাউস

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: রোববার, ২০ সেপ্টেম্বর ২০২৬, ১১:২২ AM



হরমুজ প্রণালি দিয়ে প্রতিদিন এক কোটির বেশি ব্যারেল তেল যাচ্ছে বলে দাবি করেছে হোয়াইট হাউস। শনিবার ফরাসি সংবাদমাধ্যম এএফপিকে এক জ্যেষ্ঠ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, প্রতিদিন এক কোটি থেকে এক কোটি ১০ লাখ ব্যারেল তেল এই পথে পরিবহন হচ্ছে।

কর্মকর্তাটি বলেন, ইরানের নিয়ন্ত্রণের প্রভাব সপ্তাহে সপ্তাহে কমে আসছে। মার্কিন নৌবাহিনী যে বিকল্প পথ তৈরি করেছে, তার কারণে বাণিজ্যিক জাহাজ চলাচল অব্যাহত রাখা সম্ভব হচ্ছে।

শুক্রবার (১৮ সেপ্টেম্বর) মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, গত ১৪ জুলাই থেকে ইরানের ওপর নৌ অবরোধ পুনরায় শুরু হওয়ার পর তারা ১০৫টি বাণিজ্যিক জাহাজের গতিপথ পরিবর্তন করেছে। তবে জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী সংস্থা কেপলারের হিসাব ভিন্ন। তাদের মতে,

বুধবার হরমুজ দিয়ে মাত্র তিনটি জাহাজ গেছে। আগের দিন ছিল ১২টি। গত ১০ দিনে দৈনিক গড়ে প্রায় ১৭টি জাহাজ এই প্রণালি ব্যবহার করেছে।

বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় ২০ শতাংশ হরমুজ প্রণালি দিয়ে যায়। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর ইরানের বিধিনিষেধের কারণে প্রণালিটি অনেকটাই বন্ধ হয়ে পড়েছিল। ১৮ জুন দুই দেশের মধ্যে সমঝোতা স্মারক কার্যকর হওয়ার পর কিছুদিনের জন্য আবার খুলে দেওয়া হয়। কিন্তু সামরিক উত্তেজনা বাড়লে আবার বন্ধ হয়ে যায়। তেহরান বারবার দাবি করে আসছে, হরমুজের নিয়ন্ত্রণ এখনো তাদের হাতেই। অন্যদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রণালিটিকে খোলা ও সচল বলেই দাবি করে যাচ্ছেন।

এ বিভাগের আরও খবর





হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের

পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...




সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...



বাব আল-মান্দেবের পর এবার এডেনের পথে হুতিরা, অবরুদ্ধ হওয়ার শঙ্কা

ইয়েমেনের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ বাব আল-মান্দেব প্রণালি ও লোহিত সাগরের উপকূলীয় এলাকায় প্রভাব বিস্তারের পর এবার দক্ষিণাঞ্চলীয় গুরুত্বপূর্ণ শহর...



মক্কা ও মদিনা লক্ষ্য করে তিনটি ড্রোন হামলা, প্রতিহতের দাবি সৌদি জোটের

সৌদি আরবের পবিত্র নগরী মক্কা ও মদিনা অঞ্চল লক্ষ্য করে ড্রোন হামলার চেষ্টা চালানো হয়েছে। তবে আকাশেই তিনটি ড্রোন ধ্বংস করার দাবি করেছে সৌদি আর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/prtidin-1-koti-bjareler-beshi-tel-jachchhe-hrmuj-prnali-diye-hoyait-haus